# ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন সফল

গত ৯ অক্টোবর শনিবার ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের উদ্যোগে সিডনীর ম্যাকুয়্যারী ফিল্ডস জেমস মেনহানন স্কুলে বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। বাংলাদেশের সংস্কৃতি, কৃষ্টি ও সাহিত্য এ দেশে বেড়ে উঠা নতুন প্রজন্মের কাছে পরিচয় দেয়ার লক্ষ্যেই ক্যাম্বেলটাউন বাংলা স্কুল প্রতি বৎসর বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে থাকে। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এস এম আবু নাসের। ক্যাম্ববেলটাউন এলাকা (Werriwa) থেকে সদ্য নির্বাচিত ফেডারেলে এম.পি Mr. Laurie Ferguson ও ক্যাম্ববেলটাউন সিটি কাউন্সিলের কাউন্সিলর Mr. Anoulack Chanthivong উপস্থিত ছিল। এমপি Mr. Ferguson তার বক্তব্যে ক্যাম্বলটাউন বাংলা স্কুলের শিশুদের বাংলা চর্চ্চার প্রসংশা করেন। বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মাসুদ চৌধুরী ও ড. খায়রুল চৌধুরী। প্রথম পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠানে ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের ক্ষুদে শিল্পীরা নাচ, গান, কবিতা ও নাটক পরিবেশন করে অতিথিদের মন কেড়ে নেয়। ল্যাকেম্বা বাংলা স্কুলের শিল্পিরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করেন। নৈশ ভোজের জন্য বিরতি দেয়া হয়। বিরতির পর সিডনীর অন্যতম জনপ্রিয় সাংস্কৃতিক গোষ্ঠি লাল সবুজের একক সংগীতানুষ্ঠান পরিবেশিত হয়। শিল্পীরা দীর্ঘক্ষণ জনপ্রিয় সংগীত পরিবেশন করে দর্শকদের মনমুগ্ধ করেন। সমগ্র সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন স্কুলের অন্যতম  সংগঠক নাজমুল খান। ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষ্যে আবদুল জলিল এর সম্পাদনায় আকর্ষণীয় ম্যাগাজিন প্রকাশ করা হয়।




ক্যাম্বেলটাউন বাংলা স্কুল
CAMPBELLTOWN BANGLA SCHOOL
২০১০
ANNUAL
CULTURAL
NIGHT
বার্ষিক


ক্যাম্বেলটাউন বাংলা স্কুল
CAMPBELLTOWN BANGLA SCHOOL
২০১০
ANNUAL
CULTURAL
NIGHT
বার্ষিক
সাংস্কৃতিক
সন্ধ্যা




ANNUAL


ANNUAL
CULTURAL
NIGHT


CAMPBELLTOWN


CAMPBELLTOWN
সেরা